



রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভেদভেদী, রাজশাহী-৪৫০০

নিয়াজো অফিসঃ ৩০/১, লেক সার্কাস (নিচ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

ফোন: রাজশাহী অফিস-০৩৫১-৬৩৮৯৩, মোবাইল : ০১৭০৪-৩৮৩৬৪২, ওয়েব: www.rmstu.edu.bd

স্মারক নং-রাবিপ্রবি/জনসংযোগ/প্রেস বিজ্ঞপ্তি/২০১৭/...১৩

তারিখ: ১৫/০৮/২০১৭ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবস উপলক্ষে রাবিপ্রবি কর্তৃক পালিত কর্মসূচী

রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রাবিপ্রবি) অদ্য ১৫ আগস্ট ২০১৭ মঙ্গলবার যথাযোগ্য মর্যাদার সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে। সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় এর অস্থায়ী কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এরপর সকাল ১০:০০ টায় উপাচার্য প্রফেসর ড. প্রদানেন্দু বিকাশ চাকমা মহোদয়, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ সহযোগে রাবিপ্রবির অস্থায়ী প্রধান কার্যালয় হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন এর জন্য 'বঙ্গবন্ধু মুরোল' এর উদ্দেশ্যে যাত্রা করেন। সকাল ১০:১৫ টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ শেষে এক মিনিট নিরবতা পালন করা হয়। বেলা ১২ ঘটিকায় উপাচার্য মহোদয় রাবিপ্রবির অস্থায়ী ক্যাম্পাসে 'রক্ত ফ্রপ নির্ণয় ও স্বেচ্ছায় রক্তদান' কর্মসূচীর উদ্বোধন করেন। বিকাল ৪.০০ টায় রাবিপ্রবির অস্থায়ী ক্যাম্পাসে শিক্ষার্থীদের জন্য আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদেরকে পুরস্কার প্রদান করা হবে।

তথ্য কর্মকর্তা

জনসংযোগ বিভাগ

রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়